


বীরশ্রেষ্ঠ

বীরশ্রেষ্ঠ বীরত্বের জন্য প্রদত্ত বাংলাদেশের সর্বোচ্চ সামরিক পদক। যুদ্ধক্ষেত্রে অতুলনীয় সাহস ও আত্মত্যাগের নিদর্শন স্থাপনকারী যোদ্ধার স্বীকৃতিস্বরূপ এই পদক দেয়া হয়। বাংলাদেশের স্বাধীনতা যুদ্ধে শহীদ সাতজন মুক্তিযোদ্ধাকে এই পদক দেয়া হয়েছে। গুরুত্বের ক্রমানুসারে বীরত্বের জন্য প্রদত্ত বাংলাদেশের অন্যান্য সামরিক পদক হল - বীর উত্তম, বীর বিক্রম ও বীর প্রতীক। ১৯৭১ সালে মুক্তিযুদ্ধের পরই এই পদকগুলো দেয়া হয়। ১৯৭৩ সালের ১৫ ডিসেম্বর বাংলাদেশ গেজেটের একটি অতিরিক্ত সংখ্যায় প্রকাশিত বিজ্ঞপ্তির মাধ্যমে এই পদকপ্রাপ্তদের নাম ঘোষণা করা হয়।

বীরশ্রেষ্ঠ	
	
বীরশ্রেষ্ঠ পদক	
পুরস্কারদাতা দেশ বাংলাদেশ	
ধরন	পদক
যোগ্যতা	বীরত্বসূচক অবদানের জন্য ১ম ও সর্বোচ্চ রাষ্ট্রীয় পুরস্কার
পরস্কৃত হওয়ার কারণ	বাংলাদেশের স্বাধীনতা যুদ্ধে অসামান্য অবদান ও বীরত্ব প্রদর্শন
মর্যাদা	১৫ ডিসেম্বর ১৯৭৩ সালের বাংলাদেশ গেজেট কর্তৃক প্রকাশিত
বর্ণনা	বীরশ্রেষ্ঠ
পরিসংখ্যান	
প্রতিষ্ঠিত	১৯৭১
পদকপ্রাপ্ত	বাংলাদেশের স্বাধীনতা যুদ্ধের সাত মুক্তিযোদ্ধা

বীরশ্রেষ্ঠদের তালিকা

বীরশ্রেষ্ঠদের তালিকা নিচের সারণিতে দেয়া হলঃ-

ক্রম	নাম	সেক্টর	পদবী
০১	মহিউদ্দীন জাহাঙ্গীর	বাংলাদেশ সেনা বাহিনী	ক্যাপ্টেন
০২	হামিদুর রহমান	বাংলাদেশ সেনা বাহিনী	সিপাহী
০৩	মোস্তুফা কামাল	বাংলাদেশ সেনা বাহিনী	সিপাহী
০৪	মোহাম্মদ রুহুল আমিন	বাংলাদেশ নৌ বাহিনী	ইঞ্জিনরুম আর্টিফিসার
০৫	মতিউর রহমান	বাংলাদেশ বিমান বাহিনী	ফ্লাইট লেফটেন্যান্ট
০৬	মুন্সি আব্দুর রউফ	বাংলাদেশ রাইফেলস	ল্যান্স নায়েক
০৭	নূর মোহাম্মদ শেখ	বাংলাদেশ রাইফেলস	ল্যান্স নায়েক